

বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯

(সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের ক্ষমতাবলে রাষ্ট্রপতি এই উদ্দেশ্যে প্রণীত ও জারিকৃত সকল বিধি, আদেশ ও বিজ্ঞপ্তি রহিতকরতঃ বিধিমালাটি প্রণয়ন করেন। বিধিমালাটি S.R.O. 61-L/79-MF/R-II/L-1/78-71, তারিখঃ ১৭ মার্চ, ১৯৭৯ দ্বারা জারি করা হয়।)

১। (১) এই বিধিমালা বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯ নামে অভিহিত।

(২) ইহা ১ জুলাই, ১৯৭৯ তারিখ হইতে কার্যকরী।

২। এই বিধিমালার উদ্দেশ্যে-

(এ) “সরকার” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(বি) “ছুটি” অর্থ বিদ্যমান বিধিমালার অধীনে প্রাপ্য গড় বেতনে ছুটি অথবা অর্জিত ছুটি, যাহা শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে কমপক্ষে ১৫ দিনের জন্য নেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, অবকাশ বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে ১৫ দিনের কম নয় এমন দীর্ঘ অবকাশকাল এই বিধিমালার উদ্দেশ্যে ছুটি হিসাবে গণ্য হইবে;

বিশ্লেষণঃ S.R.O. 36-L/83-MF/R-II/L-6/79-(Pt-1)/443, তারিখঃ ৩১ জানুয়ারি, ১৯৮৩ দ্বারা উপবিধি-(বি) সংশোধন পূর্বক ছুটির মেয়াদ ১ মাস হইতে কমাইয়া ১৫ দিন করা হয়।

(সি) “বেতন” অর্থ সার্ভিসেস (গ্রেড, পে এন্ড এলাউন্স) অর্ডার, ১৯৭৭ এর অধীনে সরকারী কর্মচারীর প্রাপ্য বেতন;

(ডি) “বিনোদন ভাতা” অর্থ এই বিধিমালার অধীনে প্রাপ্য ভাতা;

(ই) “চাকরি” অর্থ এই বিধিমালা প্রযোজ্য এইরূপ সরকারী কর্মচারী কর্তৃক সরকারের অধীনে ধারাবাহিক সরকারী চাকরি।

৩। ওয়ার্কচার্জড ভিত্তিতে নিয়োজিত অথবা কন্টিজেন্সী খাত হইতে বেতন প্রাপ্ত অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী ব্যতীত সকল সরকারী কর্মচারীর ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য।

বিশ্লেষণঃ S.R.O.250-L/81-MF/R-II/L-6/79-(Pt-1)162, তারিখঃ ৬ আগস্ট, ১৯৮১ দ্বারা এইবিধি হইতে ‘নন-গেজেটেড’ শব্দ বাদ দেওয়া হয়।

৪। এই বিধিমালা প্রযোজ্য এইরূপ সরকারী কর্মচারীগণ শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে ছুটি গ্রহণ করিলে প্রতি ৩ বৎসরে একবার এক মাসের বেতনের সমান বিনোদন ভাতা পাইবেনঃ

তবে শর্ত থাকে যে,

(এ) ১ জুলাই, ১৯৮১ তারিখে চাকরির মেয়াদ ৩ বৎসর বা ততোধিককাল পূর্ণ হইয়াছে এমন গেজেটেড সরকারী কর্মচারীগণ বিনোদন ভাতা প্রাপ্য হইবেন;

(বি) ১ জুলাই, ১৯৮১ তারিখে চাকরির মেয়াদ ৩ বৎসর পূর্ণ হয় নাই অথবা ১ জুলাই, ১৯৮১ তারিখে বা উহার পরে চাকরিতে নিয়োজিত হইয়াছেন এমন গেজেটেড কর্মচারীগণ চাকরির ৩ বৎসর মেয়াদ পূর্তিতে বিনোদন ভাতা পাইবেন;

(সি) ১ জুলাই, ১৯৭৯ তারিখে চাকরির মেয়াদ ৩ বৎসর বা ততোধিককাল পূর্ণ করিয়াছেন, এমন নন-গেজেটেড কর্মচারীগণ বিনোদন ভাতা পাইবেন;

(ডি) ১ জুলাই, ১৯৭৯ তারিখে চাকরির মেয়াদ ৩ বৎসর পূর্ণ হয় নাই, অথবা ১ জুলাই, ১৯৭৯ তারিখে বা উহার পরে চাকরিতে নিয়োজিত হইয়াছেন, এমন নন-গেজেটেড কর্মচারীগণ চাকরির মেয়াদ ৩ বৎসর পূর্তিতে বিনোদন ভাতা পাইবেন।

বিশেষণঃ S.R.O. 250-L/ 81-MF/ R-II/ L-6/ 79-(Pt-1)162, তারিখঃ ৬ আগস্ট, ১৯৮১ দ্বারা শর্তাংশটি প্রতিস্থাপন করা হয়।

৫। বিধিমালার অধীনে প্রাপ্য ছুটিকালীন বেতনের অতিরিক্ত হিসাবে বিনোদন ভাতা পাইবেন।

৬। জনস্বার্থের কারণে কোন সরকারী কর্মচারীর ছুটি মঞ্জুর করা না হইলে এবং উক্ত কারণে ছুটির আবেদনকৃত সময়ে বিনোদন ভাতা গ্রহণ করিতে না পারিলে পরবর্তী যে সময়ে ছুটিতে যাইবেন, ঐ সময়ে বিনোদন ভাতা পাইবেন। এইক্ষেত্রে যে তারিখ হইতে ছুটির আবেদন করা হইয়াছিল, আবেদনকৃত উক্ত তারিখ হইতে ৩ বৎসর পূর্ণ হইলে পরবর্তী বিনোদন ভাতা পাইবেন।

৭। এই বিধিমালা ব্যাখ্যার ক্ষমতা সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের নিকট সংরক্ষিত।

নির্দেশনা

অর্থ বিভাগের স্মারকলিপি নং এম এফ (আর-২)এল-১/৭৮(অংশ-২)/৫৯, তারিখঃ ৮ সেপ্টেম্বর, ১৯৭৯ দ্বারা বিনোদন ভাতা সংক্রান্তে নিম্নরূপ বিষয়সমূহ স্পষ্টীকরণ করা হইয়াছে-

- (১) গেজেটেড পদের চলতি দায়িত্বেরত নন-গেজেটেড কর্মচারীগণকে বিনোদন ভাতার উদ্দেশ্যে গেজেটেড কর্মকর্তা হিসাবে গণ্য করা যাইবে না।
- (২) পি আর এল ভোগরত কর্মচারীগণ বিনোদন ভাতা পাইবেন না।
- (৩) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরী। অতএব, উক্ত ছুটির মঞ্জুরী ব্যতীত বিনোদন ভাতা প্রদানের অবকাশ নাই।
- (৪) ১৫ দিনের কম সময়ের ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে বিনোদন ভাতা প্রাপ্য নয়।
- (৫) বিনোদন ভাতা মঞ্জুরীর বিষয়ে জ্যেষ্ঠতা সরকারী চাকরিতে যোগদানের তারিখ হইতে নির্ধারিত হইবে। তবে পি আর এল /অবসর গ্রহণ আসন্ন এইরূপ কর্মচারীদের বিনোদন ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হইবে।